বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৩

গোপনীয়

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৩৯৩(২০১৬-২০১৭)/২০১৮-২০১৯/

তারিখ ঃ ১২.১১.২০১৮ খ্রিঃ

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব আব্দুল লতিফ, কর্মকর্তা, বিকেবি, রতনগঞ্জ বাজার শাখা, সিলেট ইতিপূর্বে একই অঞ্চলাধীন বিকেবি, কানাইঘাট শাখায় পরিদর্শক হিসাবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর অধীনে শৃঙ্খলা সম্পর্কিত ৩৮ (ক), (খ), (ঘ), (ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা, দুর্নীতি ও আত্মসাতমূলক অপরাধের জন্য শৃঙ্খলাজনিত বিভাগীয় মামলা নম্বর-৩৭/১৬-১৭ রুজুপূর্বক অত্র বিভাগের বিগত ১৫-১২-২০১৬ খ্রিঃ তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৩৯৩/২০১৬-২০১৭/১৯৬৩ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলাটি তদন্তের জন্য তদন্তবোর্ড নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্তবোর্ড উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তবোর্ড কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষংগিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব আব্দুল লতিফ আপনাকে আপনার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১)(খ) প্রবিধি মোতাবেক গুরুদন্ডে দন্ডিত করিবার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে গুরুদন্ডে দন্ডিত করা হইবে না-এই মর্মে অত্র বিভাগের বিগত ১৭-০১-২০১৮ খ্রিঃ তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৩৯৩/২০১৬-২০১৭/২৬২৫ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণার মাধ্যমে আপনাকে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল। আপনি বিগত ২২-০২-২০১৮ খ্রিঃ তারিখে উহার জবাব দাখিল করিয়াছিলেন। অতপরঃ কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও দুর্নীতিমূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ আপনি জনাব আব্দুল লতিফ, আপনাকে গুরুদন্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৪। এক্ষণে, সেহেতু কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১)(খ)(আ) প্রবিধি অনুসারে আপনি জনাব আব্দুল লতিফ আপনার প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে ২৫,০০,০০০/-(পঁচিশ লক্ষ) টাকা এককালীন কর্তন করিয়া বিকেবি, কানাইঘাট শাখার আয় খাতে জমা করিবার জন্য আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব আব্দুল লতিফ (এল-১৬৪)
কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক
রতনগঞ্জ বাজার শাখা, সিলেট।

স্বাক্ষরিত
(মোঃ জহির ইকবাল)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৩৯৩(২০১৬-২০১৭)/২০১৮-২০১৯/ ২৪৮৮ (ক)

তারিখ ঃ ১২.১১.২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ-

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, সিলেট। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি তাহার ব্যক্তিগত নথিতে সংরক্ষনের জন্য অনুরোধ করা হইল।

০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, সিলেট।

০৬। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১/ প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৭। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৪, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **ব্যাংক কর্তৃপক্ষের উপরোক্ত রায় মোতাবেক জনাব আব্দুল লতিফ এর প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে ২৫,০০,০০০/-(পঁচিশ লক্ষ) টাকা এককালীন কর্তন করিয়া বিকেবি,কানাইঘাট শাখার আয় খাতে জমা করিবার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।**

০৮। উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। ব্যাংক কর্তৃপক্ষের উপরোক্ত রায়ের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।

০৯। **উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।**

১০। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, সিলেট। ব্যাংক কর্তৃপক্ষের উপরোক্ত রায়ের মর্মানুযায়ী শাখা কর্তৃক তাহা বাস্তবায়নের বিষয়টি তদারকি করার জন্য অনুরোধ করা হইল।

১১। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, সিলেট। শাখা পরিদর্শনকালে এতদ্‌বিষয়ক রায় শাখা কর্তৃক যথাযথভাবে বাস্তবায়নের বিষয়টি যাচাইকরণের জন্য অনুরোধ করা হইল।

১২। ব্যবস্থাপক, বিকেবি, কানাইঘাট শাখা, সিলেট। উপরোক্ত কর্তৃপক্ষীয় রায় মোতাবেক জনাব আব্দুল লতিফ এর প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে ২৫,০০,০০০/-(পঁচিশ লক্ষ) টাকা এককালীন কর্তনের ক্রেডিট এ্যাডভাইস প্রাপ্তির পর তাহা শাখার আয় খাতে জমা করিরার জন্য অনুরোধ করা হইল। **এছাড়া অভিযোগ সংশ্লিষ্ট ঋণ কেইসগুলোর অনাদায়ী টাকা আদায়ের নিমিত্তে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণের জন্যও কর্তৃপক্ষের নির্দেশক্রমে আপনাকে অনুরোধ করা হইল।**

১৩। ব্যবস্থাপক, বিকেবি, রতনগঞ্জ বাজার শাখা, সিলেট। এতদসংগে প্রেরিত মূল ঘোষণাটি জনাব আব্দুল লতিফ এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল। এবং ব্যাংক কর্তৃপক্ষের উপরোক্ত রায়ের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।

১৪। নথি / মহানথি/ মূলনথি ।

১২.১১.১৮
(মোঃ ওবায়েদ উল্যাহ)
সহকারী মহাব্যবস্থাপক

D:\Sajedur Rahman\Sajedur Main Document\SAJEDUR ANNOUNS.doc